Public Relations Office
University of Dhaka
Dhaka-1000, Bangladesh
Phone: 55167719
E-mail: publicrelations@du.ac.bd

জনসংযোগ অফিস
ঢাকা বিশ্ববিদ্যালয়
ঢাকা- ১০০০, বাংলাদেশ
ফোন : ৫৫১৬৭৭১৯

১৯ মাঘ ১৪৩১

DU in Media

02 February 2025

# নয়া দিগন্ত

## ঢাবি ছাত্রদের আবাসনের জন্য 'জুলাই শহিদ স্মৃতি ভবন' উদ্বোধন

ঢাকা বিশ্ববিদ্যালয়ের (ঢাবি) ছাত্রদের আবাসনের জন্য নবনির্মিত 'জুলাই শহিদ স্মৃতি ভবন' গতকাল শনিবার উদ্বোধন করা হয়েছে। ঢাকা বিশ্ববিদ্যালয়ের ভিসি অধ্যাপক ড. নিয়াজ আহমদ খান প্রধান অতিথি হিসেবে এ ভবনটির আনুষ্ঠানিক উদ্বোধন করেন।

হল প্রাধ্যক্ষ অধ্যাপক ড. মো: আখতারুজ্জামানের সভাপতিত্বে উদ্বোধনী অনুষ্ঠানে বিশ্ববিদ্যালয়ের প্রোভিসি (শিক্ষা) অধ্যাপক ড. মামুন আহমেদ এবং কোষাধ্যক্ষ অধ্যাপক ড. এম. জাহাঙ্গীর আলম চৌধুরী বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন। অনুষ্ঠানে অন্যান্যের মধ্যে হলের আবাসিক শিক্ষক ড. সাইফুল হক বক্তব্য রাখেন। এ সময় বিভিন্ন হলের প্রাধ্যক্ষ, বিভিন্ন অনুষদের ডিন এবং হলের আবাসিক শিক্ষক, কর্মকর্তা ও শিক্ষার্থীরা উপস্থিত ছিলেন।

ভিসি অধ্যাপক ড. নিয়াজ আহমদ খান এ নির্মাণ প্রকল্প বাস্তবায়নের সাথে সংশ্লিষ্ট সকলকে আন্তরিক ধন্যবাদ জানান। তিনি বলেন, অগ্রাধিকার ভিত্তিতে শিক্ষার্থীদের আবাসন সঙ্কট নিরসনে বিশ্ববিদ্যালয় প্রশাসন অত্যন্ত আন্তরিকতার সাথে কাজ করছে। আধুনিক সুযোগ-সুবিধা সম্বলিত এ ভবন উদ্বোধনের মাধ্যমে ছাত্রদের আবাসন সঙ্কট কিছুটা নিরসন হবে বলে তিনি আশাবাদ ব্যক্ত

৪র্থ পৃ: ৫-এর কলামে

### ঢাবি ছাত্রদের আবাসনের

৩য় পৃষ্ঠার পর

করেন। জুলাই গণ-অভ্যুত্থানসহ বিভিন্ন সংগ্রামে আত্মত্যাগকারীদের স্মৃতির প্রতি গভীর শ্রদ্ধা নিবেদন করে তিনি বলেন, তাদের ঋণ আমাদের স্মরণে রাখতে হবে। শহিদদের স্মৃতি রক্ষার্থে নবনির্মিত এ ভবনের নামকরণ 'জুলাই শহিদ স্মৃতি ভবন' করা হয়েছে।

উল্লেখ্য, বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান হলের ১১ তলাবিশিষ্ট 'জুলাই শহিদ স্মৃতি ভবন'-এর ২৫২টি কক্ষে এক হাজার আটজন শিক্ষার্থীর আবাসনের ব্যবস্থা রয়েছে। বিজ্ঞপ্তি।




ঢাকা বিশ্ববিদ্যালয়ের জুলাই শহিদ স্মৃতি ভবন উদ্বোধন অনুষ্ঠানে বক্তব্য রাখেন ভিসি অধ্যাপক ড. নিয়াজ আহমদ খান ■ নয়া দিগন্ত

# ইনকিলাব

## ঢাবির বঙ্গবন্ধু হলে 'জুলাই শহীদ স্মৃতি ভবন' উদ্বোধন

**বিশ্ববিদ্যালয় রিপোর্টার :** ঢাকা বিশ্ববিদ্যালয়ের বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান হলের নবনির্মিত বর্ধিত ভবন 'জুলাই শহিদ স্মৃতি ভবন' উদ্বোধন করা হয়েছে। এই ভবনের ২৫২টি কক্ষে ১ হাজার ৮ জন শিক্ষার্থী থাকতে পারবেন। গতকাল শনিবার বিকালে আনুষ্ঠানিকভাবে ভবনটি উদ্বোধন করেন বিশ্ববিদ্যালয়ের ভিসি প্রফেসর ড. নিয়াজ আহমদ খান।

উদ্বোদন অনুষ্ঠানে ভিসি বলেন, কয়েকটি কারণে আজকের দিন গুরুত্বপূর্ণ। প্রথমত, শিক্ষার্থীদের আবাসন সংকট যেন সহনীয় পর্যায়ে আনা যায় সেজন্য আমরা চেষ্টা করে যাচ্ছি। তারই একটি উপলক্ষ আজকের এই ভবন উদ্বোধন। দ্বিতীয়ত, এই ভবনটি আধুনিক একটি স্থাপত্য। ভবনটির নামকরণ হয়েছে শহীদদের স্মরণে। সেই শহীদদের রেখে যাওয়া দায় কিছুটা পূরণের জন্য আজকের দিনটি গুরুত্বপূর্ণ। তিনি বলেন, এই হলের প্রতিটি জিনিস বিপ্লবের স্মৃতিকে ধারণ করছে। এটা ভাবতে পারলেই আমরা আমাদের দায়িত্ব পালন করতে পারব।

সরেজমিনে ভবন ঘুরে দেখা যায়, শিক্ষার্থীদের আবাসিক কক্ষসহ পেছনের বারান্দা ও করিডোরসহ পুরো ভবনটির মেঝে টাইলস দিয়ে আচ্ছাদিত, এছাড়া ভবনটি ক্লোজ সার্কিট-সিসি ক্যামেরা, আধুনিক ফায়ার হাইড্রেন্ট সিস্টেম, জরুরি সিঁড়ি, বিশেষ চাহিদা সম্পন্ন ছাত্রদের জন্য র‍্যাম্প, হল ভবনে ৩টি, আবাসিক ভবনে ২টিসহ মোট ৫টি লিফট স্থাপন করা হয়েছে। আবাসিক শিক্ষক ভবনটির নিচতলা পার্কিং সুবিধাসহ জরুরি সিঁড়ি, সিসি ক্যামেরা, ফায়ার হাইড্রেন্ট সিস্টেম রয়েছে। 'জুলাই শহিদ স্মৃতি ভবন' এর নিচতলায় হল প্রভোস্টের কার্যালয়, সভাকক্ষ, দর্শনার্থীদের অপেক্ষার জন্য কক্ষ, মিলনায়তন, খাবারের কক্ষ, সেলুন, লন্ড্রি, কর্মকর্তা-কর্মচারীদের কার্যালয় কক্ষ রয়েছে। দ্বিতীয় তলায় আবাসিক শিক্ষক কক্ষ, মসজিদ, ক্যান্টিন, টেলিভিশন কক্ষ, খেলার কক্ষ, সাংস্কৃতিক কক্ষ, সাইবার কক্ষ, ইমামের আবাসিক কক্ষ ইত্যাদি রয়েছে। তৃতীয় তলা থেকে একাদশ তলা ছাত্রকক্ষ ও পাঠকক্ষ।

উদ্বোদন অনুষ্ঠানের বিশেষ অতিথি ঢাকা বিশ্ববিদ্যালয়ের প্রো-ভিসি (শিক্ষা) প্রফেসর ড. মামুন আহমেদ বলেন, আজকের এই দিনটি ঢাকা বিশ্ববিদ্যালয়ের ইতিহাসের অংশ হয়ে থাকবে। শেখ মুজিব হলের এই ভবনটি নামকরণ করা হয়েছে জুলাই বিপ্লবে শহীদদের স্মরণে। বিপ্লবে যারা শহীদ হয়েছেন তারা একটি বৈষম্যহীন সমাজ চেয়েছিলেন। তাদের এই চাওয়াটা ঢাকা বিশ্ববিদ্যালয় সবসময় মনে রাখে। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন শেখ মুজিবুর রহমান হলের প্রভোস্ট প্রফেসর ড. মো. আখতারুজ্জামান। এতে আরো উপস্থিত ছিলেন, বিশ্ববিদ্যালয়ের ট্রেজারার প্রফেসর ড. মোহাম্মদ জাহাঙ্গীর আলম চৌধুরী, হলের আবাসিক শিক্ষক-শিক্ষার্থী ও কর্মকর্তা-কর্মচারীরা।

## দৈনিক বর্তমান

# ঢাবি ছাত্রদের আবাসনের জন্য 'জুলাই শহিদ স্মৃতি ভবন' উদ্বোধন

ঢাবি প্রতিনিধি

ঢাকা বিশ্ববিদ্যালয়ের ছাত্রদের আবাসনের জন্য নবনির্মিত 'জুলাই শহীদ স্মৃতি ভবন' শনিবার উদ্বোধন করা হয়েছে। ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. নিয়াজ আহমদ খান প্রধান অতিথি হিসেবে এই ভবনটির আনুষ্ঠানিক উদ্বোধন করেন।

হল প্রাধ্যক্ষ অধ্যাপক ড. মো. আখতারুজ্জামানের সভাপতিত্বে উদ্বোধনী অনুষ্ঠানে বিশ্ববিদ্যালয়ের প্রো-ভাইস চ্যান্সেলর (শিক্ষা) অধ্যাপক ড. মামুন আহমেদ এবং কোষাধ্যক্ষ অধ্যাপক ড. এম. জাহাঙ্গীর আলম চৌধুরী বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন। অনুষ্ঠানে অন্যান্যের মধ্যে হলের আবাসিক শিক্ষক ড. সাইফুল হক বক্তব্য রাখেন। এ সময় বিভিন্ন হলের প্রাধ্যক্ষ, বিভিন্ন অনুষদের ডিন এবং হলের আবাসিক শিক্ষক, কর্মকর্তা ও শিক্ষার্থীবৃন্দ উপস্থিত ছিলেন।

উপাচার্য অধ্যাপক ড. নিয়াজ আহমদ খান এই নির্মাণ প্রকল্প বাস্তবায়নের সঙ্গে সংশ্লিষ্ট সকলকে আন্তরিক ধন্যবাদ জানান। তিনি বলেন, অগ্রাধিকার ভিত্তিতে শিক্ষার্থীদের আবাসন সংকট নিরসনে বিশ্ববিদ্যালয় প্রশাসন অত্যন্ত আন্তরিকতার সঙ্গে কাজ করছে। আধুনিক এরপর পৃষ্ঠা ৭ কলাম ২

## ঢাবি ছাত্রদের আবাসনের

সুযোগ-সুবিধা সম্বলিত এই ভবন উদ্বোধনের মাধ্যমে ছাত্রদের আবাসন সংকট কিছুটা নিরসন হবে বলে তিনি আশাবাদ ব্যক্ত করেন। জুলাই গণঅভ্যুত্থানসহ বিভিন্ন সংগ্রামে আত্মত্যাগকারীদের স্মৃতির প্রতি গভীর শ্রদ্ধা নিবেদন করে তিনি বলেন, তাঁদের ঋণ আমাদের স্মরণে রাখতে হবে। শহিদদের স্মৃতি রক্ষার্থে নবনির্মিত এই ভবনের নামকরণ 'জুলাই শহিদ স্মৃতি ভবন' করা হয়েছে।

উল্লেখ্য, বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান হলের ১১- তলা বিশিষ্ট 'জুলাই শহিদ স্মৃতি ভবন'-এর ২৫২ টি কক্ষে ১ হাজার ৮জন শিক্ষার্থীর আবাসনের ব্যবস্থা রয়েছে।

## আমার দেশ

# ঢাবিতে 'জুলাই শহীদ স্মৃতি ভবন' উদ্বোধন

ঢাবি প্রতিনিধি

ঢাকা বিশ্ববিদ্যালয়ের (ঢাবি) বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান হলের নবনির্মিত ১১তলা বর্ধিত 'জুলাই শহীদ স্মৃতি ভবন' উদ্বোধন করা হয়েছে। এতে ২৫২টি কক্ষে এক হাজার শিক্ষার্থী থাকতে পারবেন। গতকাল শনিবার 'প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে ভবনটি উদ্বোধন করেন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. নিয়াজ আহমেদ খান।

ভবনটি ক্লোজ সার্কিট (সিসি) ক্যামেরা, আধুনিক ফায়ার হাইড্রেন্ট সিস্টেম, জরুরি সিঁড়ি, বিশেষ চাহিদাসম্পন্ন ছাত্রদের জন্য র‍্যাম্প, পাঁচটি লিফট রয়েছে। আবাসিক শিক্ষক ভবনের নিচতলা পার্কিং সুবিধাসহ জরুরি সিঁড়ি, সিসি ক্যামেরা, ফায়ার হাইড্রেন্ট সিস্টেম রয়েছে।

হলটির প্রাধ্যক্ষ অধ্যাপক মো. আখতারুজ্জামানের সভাপতিত্বে উদ্বোধনী অনুষ্ঠানে ড. নিয়াজ আহমেদ খান বলেন, শিক্ষার্থীদের আবাসন সংকট যেন সহনীয় পর্যায়ে আনা যায়, সেজন্য আমরা চেষ্টা করে যাচ্ছি। তারই একটি উপলক্ষ এই ভবন উদ্বোধন।

এ ছাড়াও এই ভবনটি আধুনিক একটি স্থাপত্য। ভবনটির নামকরণ হয়েছে শহীদদের স্মরণে। সেই শহীদদের রেখে যাওয়া দায় কিছুটা পূরণের জন্য আজকের দিনটি গুরুত্বপূর্ণ।

## The Daily Sun

# DU inaugurates July Shaheed Smriti Bhaban

**Daily Sun Report,** *DU*

"July Shaheed Smriti Bhaban", the newly constructed building under Sheikh Mujibur Rahman Hall, is ready to ease the accommodation crisis of Dhaka University.

The building constructed at a cost of TK92.585 crore was renamed to "July Shaheed Smriti Bhaban" to honour the memories of those who sacrificed their lives during July-August uprising.

DU Vice-Chancellor Prof Niaz Ahmed Khan on Saturday inaugurated the building in presence of Sheikh Mujibur Rahman Hall Provost Prof Akhtaruzzaman, DU Pro-Vice Chancellor (Academic) Prof Mamun Ahmed and Treasurer Md Jahangir Alam Chowdhury.

## জনকণ্ঠ

# ঢাবিতে 'জুলাই শহীদ স্মৃতি ভবন' উদ্বোধন

**জনকণ্ঠ ডেস্ক ॥** ঢাকা বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীদের আবাসন সংকট সমাধানে শেখ মুজিবুর রহমান হলের নবনির্মিত বর্ধিত জুলাই শহীদ স্মৃতি ভবনের উদ্বোধন করা হয়েছে। আধুনিক সুযোগ-সুবিধা সম্পন্ন বর্ধিত এই ভবনে ২৫২টি কক্ষে ১০০৮ জন শিক্ষার্থী থাকতে পারবেন।

শনিবার বিকেল সাড়ে ৫টায় বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. নিয়াজ আহমদ খান ভবনটির উদ্বোধন ঘোষণা করেন।

## ইত্তেফাক

# ঢাবিতে 'জুলাই শহিদ স্মৃতি ভবন' উদ্বোধন

■ বিশ্ববিদ্যালয় রিপোর্টার

ঢাকা বিশ্ববিদ্যালয়ের শেখ মুজিবুর রহমান হলে ছাত্রদের আবাসনের জন্য নবনির্মিত 'জুলাই শহিদ স্মৃতি ভবন' উদ্বোধন করা হয়েছে। গতকাল বিকালে ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. নিয়াজ আহমদ খান প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে এই ভবনটির উদ্বোধন করেন।

মুজিব হল প্রাধ্যক্ষ অধ্যাপক ড. মো. আখতারুজ্জামানের সভাপতিত্বে অনুষ্ঠিত উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে উপাচার্য অধ্যাপক ড. নিয়াজ আহমদ খান বলেন, অগ্রাধিকার ভিত্তিতে শিক্ষার্থীদের আবাসন সংকট নিরসনে বিশ্ববিদ্যালয় প্রশাসন অত্যন্ত আন্তরিকতার সঙ্গে কাজ করছে।

এছাড়াও উদ্বোধনী অনুষ্ঠানে বিশ্ববিদ্যালয়ের প্রো-ভাইস চ্যান্সেলর (শিক্ষা) অধ্যাপক ড. মামুন আহমেদ এবং কোষাধ্যক্ষ অধ্যাপক ড. এম জাহাঙ্গীর আলম চৌধুরী বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন। অনুষ্ঠানে অন্যান্যের মধ্যে হলের আবাসিক শিক্ষক ড. সাইফুল হক বক্তব্য রাখেন। এ সময় বিভিন্ন হলের প্রাধ্যক্ষ, বিভিন্ন অনুষদের ডিন এবং হলের আবাসিক শিক্ষক, কর্মকর্তা ও শিক্ষার্থীবৃন্দ উপস্থিত ছিলেন। উল্লেখ্য, শেখ মুজিবুর রহমান হলের ১১ তলাবিশিষ্ট 'জুলাই শহিদ স্মৃতি ভবন'-এর ২৫২টি কক্ষে ১ হাজার আট জন শিক্ষার্থীর আবাসনের ব্যবস্থা রয়েছে।

## The Bangladesh Post

# DU opens new dorm named 'July Shaheed Smriti Bhaban'

*BSS, Dhaka*

Dhaka University (DU) today opened a new dormitory naming it 'July Shaheed Smriti Bhaban' in memory of the July 2024 uprising with authorities saying it would accommodate1,008 students with modern facilities in its 252 rooms.

They said the 11-storey dormitory actually is a newly extended unit of Sheikh Mujibur Rahman Hall but in terms of size the building is larger than the main dormitory, having five elevators and other modern facilities including a modern fire hydrant system, emergency staircases and ramps for students with special needs.

DU Vice-Chancellor (VC) Professor Dr Niaz Ahmed Khan inaugurated the dormitory this evening, when 550 students were already allocated seats and authorities sought applications from non-resident students requiring accommodation facilities at the hall.

DU Pro-VC (Education) Prof Mamun Ahmed and Treasurer Prof Dr Mohammad Jahangir Alam Chowdhury also addressed the inaugural ceremony, chaired by Hall provost Prof Dr Md Akhtaruzzaman.

"The naming of the hall serves is a tribute to those who made sacrifices during a critical time in our nation's history. We must always remember our responsibility to honor their legacy," the vice chancellor said.

He added: "This hall will stand as a lasting tribute to the brave young individuals whose sacrifices secured our rights today."

Ahmed said built on a plot of 43 kathas of land and having all modern facilities the newly constructed building would largely alleviate accommodation crisis and adding that the university administration was committed to address the protracted accommodation of the students.

The hall's provost said the construction works of the building began on April 1, 2019 and as part of the same project another adjacent 11-story residential building was constructed as well for faculty members.

The total cost of the project, including construction, furnishing, and other amenities, amounted to BDT 925.85 million.

# দৈনিক বর্তমান



ঢাকা বিশ্ববিদ্যালয়ের ছাত্রদের আবাসনের জন্য নবনির্মিত 'জুলাই শহীদ স্মৃতি ভবন' শনিবার উদ্বোধন করা হয়েছে। ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. নিয়াজ আহমদ খান প্রধান অতিথি হিসেবে এই ভবনটির আনুষ্ঠানিক উদ্বোধন করেন -বর্তমান

Public Relations Office
University of Dhaka
Dhaka-1000, Bangladesh
Phone: 55167719
E-mail: publicrelations@du.ac.bd

জনসংযোগ অফিস
ঢাকা বিশ্ববিদ্যালয়
ঢাকা- ১০০০, বাংলাদেশ
ফোন : ৫৫১৬৭৭১৯



# The Bangladesh Today




Language Day rally was held at the University of Dhaka yesterday on the occasion of International Mother Language Day. Photo: Courtesy

# যুগান্তর



ঢাকা বিশ্ববিদ্যালয়ে শনিবার ভাষা পদযাত্রার উদ্বোধন করছেন উপাচার্য অধ্যাপক ড. নিয়াজ আহমদ খান যুগান্তর

Public Relations Office
University of Dhaka
Dhaka-1000, Bangladesh
Phone: 55167719
E-mail: publicrelations@du.ac.bd

জনসংযোগ অফিস
ঢাকা বিশ্ববিদ্যালয়
ঢাকা- ১০০০, বাংলাদেশ
ফোন : ৫৫১৬৭৭১৯



## সংগ্রাম




গতকাল শনিবার ঢাকা বিশ্ববিদ্যালয়ের ক্যাম্পাসে ঢাবির উদ্যোগে ভাষা পদযাত্রা ২০২৫ অনুষ্ঠিত হয় -সংগ্রাম

## খবরের কাগজ




### ঢাকা বিশ্ববিদ্যালয়ে ভাষা পদযাত্রা

ঢাবি প্রতিনিধি

মহান শহিদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস উপলক্ষে ঢাকা বিশ্ববিদ্যালয়ের (ঢাবি) ভাষাবিজ্ঞান বিভাগের উদ্যোগে এক ভাষা পদযাত্রা বের করা হয়। গতকাল শনিবার বিশ্ববিদ্যালয়ের অপরাজেয় বাংলার পাদদেশ থেকে শুরু হওয়া ওই পদযাত্রাটি বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন সড়ক প্রদক্ষিণ শেষে কেন্দ্রীয় শহিদ মিনারে গিয়ে শেষ হয়। সেখানে শিক্ষক ও

>> এরপর পৃষ্ঠা ১৫ কলাম ১

### ঢাকা বিশ্ববিদ্যালয়ে

প্রথম পৃষ্ঠার পর

শিক্ষার্থীরা পুষ্পস্তবক অর্পণের মাধ্যমে মহান ভাষা শহিদদের স্মৃতির প্রতি শ্রদ্ধা নিবেদন করেন। এর আগে বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. নিয়াজ আহমদ খান প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে পদযাত্রাটির উদ্বোধন করেন।

উপাচার্য অধ্যাপক ড. নিয়াজ আহমদ খান বলেন, 'মানুষের সামাজিক পরিচয়ের গুরুত্বপূর্ণ বাহন হচ্ছে ভাষা। যে কটি বিষয় মানুষকে মানুষে পরিণত করে, তার মধ্যে ভাষা অন্যতম। দেশ ও বিশ্বজুড়ে মানুষের মধ্যে বিরাজমান বিভেদ ও বিভক্তি দূর করে সবাইকে ঐক্যবদ্ধ করতেও ভাষা গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে। আমাদের ভাষা দিবস আন্তর্জাতিক মাতৃভাষা দিবস হয়ে ওঠার নেপথ্যে অবদান রাখা এ দেশের সন্তানদের সম্পর্কে সবাইকে জানতে হবে। সেই সঙ্গে তরুণ প্রজন্ম যেন জানতে পারে, সেই ধারাবাহিকতা আমাদের রক্ষা করতে হবে।' ভাষা পদযাত্রায় প্রক্টর সহযোগী অধ্যাপক সাইফুদ্দীন আহমদ এবং ভাষাবিজ্ঞান বিভাগের চেয়ারপারসন ড. মনিরা বেগমসহ বিভাগীয় শিক্ষক-শিক্ষার্থীরা অংশ নেন।

## The New Nation




Teachers and students of Dhaka University bring out a language foot march under the aegis of Philology Department of DU on its campus on Saturday marking the Shaheed Day and International Mother Language Day. ■ NN photo

Public Relations Office
University of Dhaka
Dhaka-1000, Bangladesh
Phone: 55167719
E-mail: publicrelations@du.ac.bd

জনসংযোগ অফিস
ঢাকা বিশ্ববিদ্যালয়
ঢাকা- ১০০০, বাংলাদেশ
ফোন : ৫৫১৬৭৭১৯



## দৈনিক বর্তমান



# আন্তর্জাতিক মাতৃভাষা দিবস উপলক্ষ্যে ঢাবি ক্যাম্পাসে ভাষা পদযাত্রা

ঢাবি প্রতিনিধি

মহান শহিদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস উপলক্ষ্যে ঢাকা বিশ্ববিদ্যালয় ভাষাবিজ্ঞান বিভাগের উদ্যোগে শনিবার অপরাজেয় বাংলার পাদদেশ থেকে এক ভাষা পদযাত্রা বের করা হয়। ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. নিয়াজ আহমদ খান প্রধান অতিথি হিসেবে এই ভাষা পদযাত্রার উদ্বোধন করেন। পদযাত্রাটি কেন্দ্রীয় শহিদ মিনারে গিয়ে শেষ হয়। সেখানে শিক্ষক ও শিক্ষার্থীরা পুষ্পস্তবক অর্পণের মাধ্যমে মহান ভাষা শহিদদের স্মৃতির প্রতি শ্রদ্ধা নিবেদন করেন।

ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. নিয়াজ আহমদ খান মহান ভাষা শহিদ এবং ভাষা সৈনিকদের স্মৃতির প্রতি গভীর শ্রদ্ধা জানান। তিনি বলেন, মানুষের সামাজিক পরিচয়ের গুরুত্বপূর্ণ বাহন হচ্ছে ভাষা। যে ক'টি বিষয় মানুষকে মানুষে পরিণত করে, তার মধ্যে ভাষা অন্যতম। দেশ ও বিশ্বজুড়ে মানুষের মধ্যে বিরাজমান বিভেদ ও বিভক্তি দূর করে সবাইকে ঐক্যবদ্ধ করতেও ভাষা গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে। আমাদের ভাষা দিবস 'আন্তর্জাতিক মাতৃভাষা দিবস' হয়ে ওঠার নেপথ্যে অবদান রাখা এদেশের সন্তানদের সম্পর্কে জানার জন্য তিনি তরুণ প্রজন্মের প্রতি আহ্বান জানান। এই ভাষা পদযাত্রায় প্রক্টর সহযোগী অধ্যাপক সাইফুদ্দীন আহমদ এবং ভাষাবিজ্ঞান বিভাগের চেয়ারপার্সন ড. মনিরা বেগমসহ বিভাগীয় শিক্ষক-শিক্ষার্থীবৃন্দ অংশ নেন। উল্লেখ্য, মহান ভাষা আন্দোলনে শহিদ ও ভাষা সৈনিকদের প্রতি শ্রদ্ধা নিবেদনের লক্ষ্যে ঢাকা বিশ্ববিদ্যালয় ভাষাবিজ্ঞান বিভাগ প্রতিবছর এই পদযাত্রার আয়োজন করে।

# দৈনিক আমাদের বার্তা

### ঢাবিতে '১ম জাতীয় শান্তি উৎসব' উদযাপিত

## মানুষে মানুষে বিভেদ সৃষ্টির ষড়যন্ত্র চলছে



■ আমাদের বার্তা, ঢাবি

ঢাকা বিশ্ববিদ্যালয় (ঢাবি) শান্তি ও সংঘর্ষ অধ্যয়ন বিভাগ অ্যালামনাই অ্যাসোসিয়েশনের উদ্যোগে গতকাল শনিবার ছাত্র-শিক্ষক কেন্দ্রে '১ম জাতীয় শান্তি উৎসব' উদযাপিত হয়েছে।

ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. নিয়াজ আহমদ খান প্রধান অতিথি হিসেবে এই উৎসব উদ্বোধন করেন।

শান্তি ও সংঘর্ষ অধ্যয়ন বিভাগ অ্যালামনাই অ্যাসোসিয়েশনের সভাপতি শাকেরা খাতুনের সভাপতিত্বে অনুষ্ঠানে বিশ্ববিদ্যালয়ের প্রক্টর সহযোগী অধ্যাপক সাইফুদ্দীন আহমদ, বিভাগের চেয়ারম্যান সহযোগী অধ্যাপক ড. মুহাম্মদ সাজ্জাদ হোসেন সিদ্দিকী এবং অ্যাসোসিয়েশনের সাধারণ সম্পাদক কাজী আরফান আশিকসহ, বিভাগের শিক্ষক, শিক্ষার্থী ও অ্যালামনাইরা উপস্থিত ছিলেন। ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. নিয়াজ আহমদ খান বলেন, সমাজে শান্তি ও সম্প্রীতি প্রতিষ্ঠায় ঢাকা বিশ্ববিদ্যালয় শান্তি ও সংঘর্ষ অধ্যয়ন বিভাগের শিক্ষক, শিক্ষার্থী ও অ্যালামনাইরা গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে যাচ্ছেন। তিনি বলেন, আমরা একটি কঠিন সময় অতিক্রম করছি। মানুষে মানুষে বিভেদ সৃষ্টির জন্য বিভিন্ন ষড়যন্ত্র চলছে। এ সময় সবাইকে ঐক্যবদ্ধভাবে এসব ষড়যন্ত্র মোকাবেলা করতে হবে। সমাজে শান্তি প্রতিষ্ঠা ও মানুষের মধ্যে বিভেদ দূর করতে এ ধরনের উৎসব গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে বলে তিনি আশাবাদ ব্যক্ত করেন। উল্লেখ্য, গোলটেবিল আলোচনা, আর্ট কম্পিটিশন, রচনা প্রতিযোগিতা, চলচ্চিত্র প্রদর্শনী, শান্তি র‍্যালি, কনসার্ট, পুনর্মিলনী ও বিভিন্ন প্রতিযোগিতার পুরস্কার বিতরণসহ নানা কর্মসূচির মধ্য দিয়ে দিনব্যাপী এই উৎসব উদযাপিত হয়।

# আলোকিত বাংলাদেশ

## ঢাকা বিশ্ববিদ্যালয়ে 'প্রথম জাতীয় শান্তি উৎসব' উদযাপিত



● আলোকিত ডেস্ক

ঢাকা বিশ্ববিদ্যালয় শান্তি ও সংঘর্ষ অধ্যয়ন বিভাগ অ্যালামনাই অ্যাসোসিয়েশনের উদ্যোগে গতকাল ১ ফেব্রুয়ারি ২০২৫ শনিবার ছাত্র-শিক্ষক কেন্দ্রে 'প্রথম জাতীয় শান্তি উৎসব' উদযাপিত হয়েছে। ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. নিয়াজ আহমদ খান প্রধান অতিথি হিসেবে এই উৎসব উদ্বোধন করেন।

শান্তি ও সংঘর্ষ অধ্যয়ন বিভাগ অ্যালামনাই অ্যাসোসিয়েশনের সভাপতি শাকেরা খাতুনের সভাপতিত্বে অনুষ্ঠানে বিশ্ববিদ্যালয়ের প্রক্টর সহযোগী অধ্যাপক সাইফুদ্দীন আহমদ, বিভাগের চেয়ারম্যান সহযোগী অধ্যাপক ড. মুহাম্মদ সাজ্জাদ হোসেন সিদ্দিকী এবং অ্যাসোসিয়েশনের সাধারণ সম্পাদক কাজী আরফান আশিকসহ বিভাগের শিক্ষক, শিক্ষার্থী ও অ্যালামনাইবৃন্দ উপস্থিত ছিলেন। ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. নিয়াজ আহমদ খান বলেন, সমাজে শান্তি ও সম্প্রীতি প্রতিষ্ঠায় ঢাকা বিশ্ববিদ্যালয় শান্তি ও সংঘর্ষ অধ্যয়ন বিভাগের শিক্ষক, শিক্ষার্থী ও অ্যালামনাইবৃন্দ গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে যাচ্ছেন।

তিনি বলেন, আমরা একটি কঠিন সময় অতিক্রম করছি। মানুষে মানুষে বিভেদ সৃষ্টির জন্য বিভিন্ন ষড়যন্ত্র চলছে। এসময় সবাইকে ঐক্যবদ্ধভাবে এসব ষড়যন্ত্র মোকাবিলা করতে হবে। সমাজে শান্তি প্রতিষ্ঠা ও মানুষের মধ্যে বিভেদ দূর করতে এধরনের উৎসব গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে বলে তিনি আশাবাদ ব্যক্ত করেন।

উল্লেখ্য, গোলটেবিল আলোচনা, আর্ট কম্পিটিশন, রচনা প্রতিযোগিতা, চলচ্চিত্র প্রদর্শনী, শান্তি র‍্যালি, কনসার্ট, পুনর্মিলনী ও বিভিন্ন প্রতিযোগিতার পুরস্কার বিতরণসহ নানা কর্মসূচির মধ্য দিয়ে দিনব্যাপী এই উৎসব উদযাপিত হয়।

# ইনকিলাব



ঢাকা বিশ্ববিদ্যালয় শান্তি ও সংঘর্ষ অধ্যয়ন বিভাগ অ্যালামনাই অ্যাসোসিয়েশনের উদ্যোগে গতকাল শনিবার ছাত্র-শিক্ষক কেন্দ্রে '১ম জাতীয় শান্তি উৎসব' উদ্‌যাপিত হয়েছে। ঢাকা বিশ্ববিদ্যালয়ের ভিসি অধ্যাপক ড. নিয়াজ আহমদ খান প্রধান অতিথি হিসেবে এই উৎসব উদ্বোধন করেন। —প্রেস বিজ্ঞপ্তি

## আলোকিত বাংলাদেশ

# ঢাকা বিশ্ববিদ্যালয় চ্যাম্পিয়ন



ক্রীড়া প্রতিবেদক

তারুণ্যের উৎসবে মেয়েদের বাস্কেটবলে চ্যাম্পিয়ন হয়েছে ঢাকা বিশ্ববিদ্যালয়। গতকাল শনিবার বাংলাদেশ মহিলা ক্রীড়া সংস্থার আয়োজনে ধানমন্ডির সুলতানা কামাল মহিলা ক্রীড়া কমপ্লেক্সে অনুষ্ঠিত হয় দিনব্যাপী প্রতিযোগিতা। রানার্সআপ হয় স্বাগতিক মহিলা ক্রীড়া সংস্থা। খেলা শেষে বিজয়ীদের হাতে পুরস্কার তুলে দেন সংস্থার ভারপ্রাপ্ত সভানেত্রী আনজুম আরা আকসির। এ সময় ভারপ্রাপ্ত সাধারণ সম্পাদিকা প্রকৌশলী ফিরোজা করিম নেলী উপস্থিত ছিলেন। প্রতিযোগিতায় ৩২ জন খেলোয়াড় অংশ নেন।